

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৩০

তারিখঃ ১০ ফেব্রুয়ারী, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ CBMS পদ্ধতিতে সঠিক এলসি নাম্বার প্রদান প্রসঙ্গে।


সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৬.১৫,০০১.২০১৯/৬৯০ তারিখঃ ০৬/২/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, CBMS পদ্ধতির মাধ্যমে ইউপি করার সময় বিজিএমইএ থেকে জারীকৃত ইউডি এর সাথে সংশ্লিষ্ট এলসি নাম্বার স্বয়ংক্রিয়ভাবে ধারণ করা হয়। এক্ষেত্রে ইউডি থেকে প্রাপ্ত এলসি আবার স্বয়ংক্রিয়ভাবে বাংলাদেশ ব্যাংক এর সাথে Validate করা হয়। কিন্তু অনেক ক্ষেত্রে Validate হয় না বিধায় ইউপি ইস্যু করতে সমস্যা হচ্ছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড থেকে জারীকৃত পত্রটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

এমতাবস্থায়, বিজিএমইএ এর সদস্যভুক্ত সকল প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত পত্রে বর্ণিত গাইডলাইন অনুযায়ী এলসি ইস্যু এবং ইউডি জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

তারিখ: ০৬/০২/২০২৫ খ্রি।

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.১৫.০০১.২০১৯/ ৬৯০

**বিষয়: CBMS সিস্টেমে সঠিক LC নাম্বার প্রদান প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, CBMS সিস্টেমের মাধ্যমে UP করার সময় বিজিএমইএ/বিকেএমইএ থেকে ইস্যুকৃত UD এর সাথে সংশ্লিষ্ট LC নাম্বার স্বয়ংক্রিয়ভাবে ধারণ করা হয়। এক্ষেত্রে UD থেকে প্রাপ্ত LC আবার স্বয়ংক্রিয়ভাবে বাংলাদেশ ব্যাংক এর সাথে Validate করা হয়। কিন্তু অনেক ক্ষেত্রে Validate হয় না বিধায় UP ইস্যু করতে সমস্যা হচ্ছে। উক্ত সমস্যা সমাধানের জন্য নিম্নলিখিত পদক্ষেপ নেয়া প্রয়োজন:


ক) বাংলাদেশ ব্যাংক এর গাইডলাইন অনুযায়ী Master LC এবং Back-to-Back LC এর Format অনুযায়ী সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক থেকে LC ইস্যু করতে হবে।

খ) লিয়েন ব্যাংকের মাধ্যমে LC ইস্যু করার সময় বিন নাম্বার ও ইআরসি নাম্বারের নতুন ফরমেট প্রদান করতে হবে।

গ) কিছু কিছু ব্যাংক ক্যারেক্টার বেইজড LC এবং একই সাথে রেফারেন্স নাম্বার ইস্যু করে থাকে (যেমন: LC নাম্বার BBCKDAK530171 এবং রেফারেন্স নাম্বার 0002859250400085), এক্ষেত্রে UD তে LC এর ঘরে রেফারেন্স নাম্বার ব্যবহার করতে হবে।

ঘ) বাংলাদেশ ব্যাংক এর ড্যাসবোর্ড থেকে LC/ রেফারেন্স নাম্বার কপি (Ctrl+C) করে UD তে পেস্ট (Ctrl+V) করতে হবে যাতে কোন ডিজিট এর গরমিল না হয়।

০২। এমতাবস্থায়, বিজিএমইএ/ বিকেএমইএ এর সদস্যভুক্ত সকল প্রতিষ্ঠানকে উপরোক্ত গাইডলাইন অনুযায়ী LC ইস্যু এবং UD ইস্যু করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
06.02.2025

[মোঃ আল আমিন]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)

ই-মেইল: ssbondnbr@gmail.com

প্রাপক:

- ১। প্রশাসক  
বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স  
বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
- ২। সভাপতি  
বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা)  
১৩/এ সোনারগাঁও রোড, বাংলাদেশমোটর, ঢাকা।


নথি নং- ০৮.০১.০০০০.৫৬.১৫.০০১.২০১৯/ ৬৯০

তারিখ: ০৬/০২/২০২৫ খ্রি।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

০১। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২-০৩। অফিস কপি/গার্ড কপি।

  
06.02.2025

[মোঃ আল আমিন]

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)